

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সিডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল ও ফিন্যান্স কমিটির নির্বাচনে ১৩টি পদের মধ্যে সব কটিতেই জয়ী হয়েছে আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের প্যানেল নীল দল। গতকাল মঙ্গলবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। ভোট গণনা শেষে বিকাল ৩টায় ফল ঘোষণা করেন নির্বাচনের কমিশনার বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মমতাজ উদ্দিন আহমেদ। তিনি জানান, নির্বাচনে মোট ২ হাজার ৪২৫ জন ভোটারের মধ্যে ১ হাজার ২৫৯ জন ভোট দিয়েছেন।

advertisement 3

সিডিকেট নির্বাচনে বিজয়ীরা হলেন- ডিন ক্যাটাগরিতে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আবদুস ছামাদ, প্রভোস্ট ক্যাটাগরিতে হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাসুদুর রহমান, অধ্যাপক ক্যাটাগরিতে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক নিজামুল হক ভূঁইয়া, সহযোগী অধ্যাপক পদে লোক প্রশাসন বিভাগের আবু হোসেন মুহম্মদ আহসান, সহকারী অধ্যাপক পদে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের মোহাম্মদ শরিফ উল ইসলাম এবং প্রভাষক পদে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় উদ্ভিদবিজ্ঞান বিভাগের মাহিন মোহিদ।

advertisement 4

একাডেমিক পরিষদে নির্বাচনে বিজয়ীরা হলেন- সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে ড. ইসমাত রহমান, বিপুল চন্দ্র দেবনাথ, মন্দিরা চৌধুরী; সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে ড. আ স ম মনজুর আল হোসেন, এবিএম আশরাফুজ্জামান, মো. মমিন ইসলাম। এ ছাড়া ফাইন্যান্স কমিটিতে ড. মো. শফিকুল ইসলাম নির্বাচিত

হয়েছেন।

ফল ঘোষণার পর নীল দলের আহ্বায়ক অধ্যাপক ড. আবদুস ছামাদ বলেন, বর্তমান সরকারের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে একাডেমিক ডেভেলপমেন্ট হয়েছে, এ বিজয় তার স্বীকৃতি। মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তির প্রতি আমাদের মেধাবী শিক্ষকদের যে আস্থা, তা প্রমাণিত হয়েছে। মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তির বিকল্প যে অন্য কেউ নেই, এটা তার বহিঃপ্রকাশ। ১৯৮৩ সালের পর এই প্রথম আমাদের নীল দল পূর্ণ প্যানেলে জয়ী হয়েছে।